

“সভার নোটিশ”

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভা আগামী-
১২ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ তারিখ রোজ বৃহঃবার বিকাল ৩.০০ ঘটিকায় মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘা,
রাজশাহী ঐর সভাপতিত্বে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

এমতাবস্থায় সংশ্লিষ্ট সকল সদস্যগণকে নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ হলো।

সভার আলোচ্য সূচিঃ

- ১। গত মাসিক সভার কার্যবিবরণী অনুমোদন।
- ২। বিভাগীয় কার্যক্রম মাল্টিমিডিয়া প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থাপন।
- ৩। গৃহীত সকল সিদ্ধান্তের অগ্রগতির আলোচনা।

স্বাঃ/-

(মোঃ আমিনুল ইসলাম)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
বাঘা, রাজশাহী
ও
সদস্য সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি
☎ ০৭২৩৩-৫৬০৬১

স্মারক নং-০৫.৪৩.৮১১০.০০০.১৩.০০৩.২১-১০২ (৭)

তারিখঃ-১২/০৯/২০২১ খ্রিঃ

অনুলিপিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘা, রাজশাহী।
- ২। চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ, বাঘা, রাজশাহী।
- ৩। উপজেলা,বাঘা, রাজশাহী।
- ৪। জনাব.....।
- ৫। অফিস নথি।

(মোঃ আমিনুল ইসলাম)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
বাঘা, রাজশাহী
ও
সদস্য সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কীয় স্থায়ী কমিটি

মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোসাঃ রিজিয়া আজিজ সরকার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘা, রাজশাহী।
সভার তারিখ : ১২ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ
সভার সময় : বিকাল ৩.০০ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।


সভায় উপস্থিত সদস্যগণের নামীয় তালিকাঃ-

ক্রঃ নং	নাম ও পদবী	কমিটির পদবী	স্বাক্ষর
০১	জনাব মোসাঃ রিজিয়া আজিজ সরকার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘা, রাজশাহী।	সভাপতি	স্বাক্ষরিত/-
০২	চেয়ারম্যান, গড়গড়ী ইউনিয়ন পরিষদ, বাঘা, রাজশাহী	সদস্য	স্বাক্ষরিত/-
০৩	চেয়ারম্যান, মনিগ্রাম ইউনিয়ন পরিষদ, বাঘা, রাজশাহী	সদস্য	অনুপস্থিত/-
০৪	চেয়ারম্যান, আড়ানী ইউনিয়ন পরিষদ, বাঘা, রাজশাহী	সদস্য	স্বাক্ষরিত/-
০৫	জনাব, মোঃ জাফর ইকবাল, শিক্ষক, বাঘা উচ্চ বিদ্যালয়, বাঘা, রাজশাহী	সদস্য	স্বাক্ষরিত/-
০৬	উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঘা, রাজশাহী	সদস্য	স্বাক্ষরিত/-
০৭	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বাঘা, রাজশাহী	সদস্য সচিব	স্বাক্ষরিত/-

সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে আদ্যকার সভার কার্যক্রম আরম্ভ করা হয়। অতঃপর গত অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। ইহাতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অতঃপর আজকের সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত সমূহ হয়:-

ক্রঃ নং	বিভাগের নাম	আলোচ্য বিষয়াদী	সভায় সিদ্ধান্ত	সম্পাদনকারী কর্তৃপক্ষ
০১	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বাঘা, রাজশাহী	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বাঘা-রাজশাহী অদ্যকার মাসিক সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। বর্তমানে করোনা কালীন সময়ে মাংসের চাহিদা পূরণের জন্য বিভিন্ন খামিরীগন নিরলস পরিশ্রম করে যাচ্ছে। উপজেলার বিভিন্ন ইউনিয়নের গুরুত্বপূর্ণ স্থানে ভ্রাম্যমান গাড়ীতে মাছ ও মাংস বিক্রয় করা হচ্ছে। এ ধারা অব্যাহত রাখতে সকলের সার্বিক সহযোগিতা সেই সাথে সংশ্লিষ্ট চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ জানান।	সুষ্ঠু কাজের ধারা অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো	উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ কর্মকর্তা বাঘা, রাজশাহী

অদ্যকার সভায় আর বিশেষ কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে তাঁদের প্রতি অর্পিত সকল সরকারী দায়িত্ববলি সততা ও নিষ্ঠার সহিত পালনে যত্নবান হবার আহ্বান জানিয়ে ও সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।


(মোসাঃ রিজিয়া আজিজ সরকার)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বাঘা, রাজশাহী
ও
সভাপতি
মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি